সেনাসদর
এজি'র শাখা
পিএস পরিদপ্তর
ঢাকা সেনানিবাস
তারালাপনীঃ সামরিক-২৫১২

২৩.০১.৯০১.০৩৮.০৩.০৭৩.০২. ২৮ .০১.২৫/ আর ২৮ জানুয়ারি ২০২৫

**পিটি এবং গেমস্ এ ইচ্ছুক পুরুষ সেনাসদস্যগণ কর্তৃক সর্টস্ (হাফপ্যান্ট) এর পরিবর্তে ট্র্যাকস্যুটের ট্রাউজার পরিধান প্রসংগে**

বরাতঃ

ক। সেনাসদর, এজি'র শাখা (পিএস পরিদপ্তর) পত্র নং ২৩.০১.৯০১.০৩৮.০৩.০৭৩.০১.১৯.০৫.১৪ তারিখ ১৯ মে ২০১৪ (সকলকে নয়)।

খ। সেনাসদর, এজি'র শাখা (পিএস পরিদপ্তর) পত্র নং ২৩.০১.৯০১.০৩৮.০৩.০৭৩.০১.২৭.০২.২৩ তারিখ ২৭ ফেব্রুয়ারি ২০২৩ (সকলকে নয়)।

গ। সেনাসদর, এজি'র শাখা (পিএস পরিদপ্তর) পত্র নং ২৩.০১.৯০১.০৩৮.০৩.০৭৩.০১.২৬.১১.২৪ তারিখ ২৬ নভেম্বর ২০২৩ (সকলকে নয়)।

ঘ। সেনাবাহিনী প্রধানের সচিবালয় এলএম নং ১০২২/ ৫/ সিএএস তারিখ ১৭ সেপ্টেম্বর ২০২৪ (সকলকে নয়)।

১। সেনাবাহিনীতে প্রচলিত পিটি এবং গেমস্ এ পোশাক পরিধানের বিষয়ে পুরুষ সেনাসদস্যদের জন্য ইতোপূর্বে বরাত ক, খ এবং গ এর মাধ্যমে বিস্তারিত নীতিমালা জারি করা হয়েছে। বরাত ঘ এর নীতিগত সিদ্ধান্তের প্রেক্ষিতে এখন হতে পিটি ও গেমস্ এ ইচ্ছুক পুরুষ সেনাসদস্যগণ সর্টস্ (হাফপ্যান্ট) এর পরিবর্তে ট্র্যাকস্যুটের ট্রাউজার পরিধান করতে পারবেন। এক্ষেত্রে নিম্নবর্ণিত নীতিমালাসমূহ অনুসরণ করা হবেঃ

ক। পিটি ও গেমস্ এ ইচ্ছুক পুরুষ সেনাসদস্যগণ সর্টস্ (হাফপ্যান্ট) এর পরিবর্তে ট্র্যাকস্যুটের ট্রাউজার পরিধান করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে (অধিনায়ক/ কমান্ডার/ কমান্ড্যান্ট/ স্টাফ অফিসার/ সমমানের অফিসার) লিখিতভাবে অবহিত করবেন।

খ। ইচ্ছুক পুরুষ সেনাসদস্যগণ পিটি ও গেমস্ এ হাফপ্যান্টের পরিবর্তে ট্র্যাকস্যুটের ট্রাউজার পরিধান শুরু করলে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের (অধিনায়ক/ কমান্ডার/ কমান্ড্যান্ট/ স্টাফ অফিসার/ সমমানের অফিসার) লিখিত অনুমোদন গ্রহণ ব্যতিরেকে কোন অবস্থায় তা পরিধান পরিহার করা যাবে না।

গ। পিটি ও গেমস্ এ বর্তমানে ইস্যুকৃত হাফপ্যান্ট থ্রি-কোয়ার্টার প্যান্ট হিসেবে তৈরি করে পরিধান করা যাবে না। অনুমোদিত নয় এমন কোন পোশাক পরিধান করা যাবে না।

ঘ। এই পত্রের ক্রোড়পত্র 'ক' এ সংযুক্ত চিত্র অনুযায়ী ইচ্ছুক পুরুষ সেনাসদস্যগণ পিটি ও গেমস্ এ হাফপ্যান্টের পরিবর্তে ট্র্যাকস্যুটের ট্রাউজার পরিধান করতে পারবেন।

২। বরাত ক, খ ও গ এর মাধ্যমে জারিকৃত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৩। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ আরিফ হোসেন
লেঃ কর্ণেল
এজি'র পক্ষে

ক্রোড়পত্রঃ

ক। পিটি ও গেমস্ এ হাফপ্যান্টের পরিবর্তে ট্র্যাকস্যুটের ট্রাউজার পরিধানের চিত্র।

বিতরণঃ
বহির্গমনঃ
কার্যক্রমঃ

তালিকা ক, খ, গ, ঘ, ঙ, চ এবং ছ
অভ্যন্তরীণঃ
কার্যক্রমঃ

- ইমেইল/ ওয়েব মেইলের মাধ্যমে

তালিকা জ (ক্রমিক ১ ব্যতিত)
অবগতিঃ
সেনাবাহিনী প্রধানের সচিবালয়

ক্রোড়পত্র 'ক'
সেনাসদর, এজি'র শাখা (পিএস পরিদপ্তর)
পত্র নং ২৩.০১.৯০১.০৩৮.০৩.০৭৩.০২.২৬.০১.২৫/আর
তারিখঃ ২৬ জানুয়ারি ২০২৫

## পিটি ও গেমস্ এ হাফপ্যান্টের পরিবর্তে ট্র্যাকস্যুটের ট্রাউজার পরিধানের চিত্র



পিটি ও গেমস্ ড্রেস-অফিসার



পিটি ও গেইম্ ড্রেস-জেসিও



পিটি ও গেইম্ ড্রেস-অন্যান্য পদবি